# ৮ এপ্রিল শুরু হবে পেট্রাপোল দিয়ে ভারত-বাংলাদেশ যাত্রীবাহী ট্রেন চলাচল

**নিজস্ব সংবাদদাতা, বনগাঁ :** আগামী ৮ এপ্রিল থেকে শিয়ালদহ বনগাঁ শাখার পেট্রাপোল রেল স্টেশন হয়ে চালু হবে ভারত-বাংলাদেশের মধ্যে যাত্রীবাহী রেলযাত্রা। কলকাতা থেকে বাংলাদেশের খুলনা পর্যন্ত রেলপথে চলবে এই যাত্রীবাহী ট্রেন।

শুক্রবার বনগাঁর পেট্রাপোল রেল স্টেশন পরিদর্শন শেষে একথা জানালেন পূর্ব রেলের জেনারেল ম্যানেজার এস এন আগরওয়াল। তিনি বলেন, আগামী ৮ এপ্রিল থেকে বনগাঁয় পেট্রাপোল স্টেশন হয়ে যাত্রীবাহী রেল চলাচল শুরু হবে ভারত-বাংলাদেশের মধ্যে। ওইদিন বাংলাদেশ থেকে প্রথম যাত্রীবাহী রেল আসবে ভারতে। তারপরই আনুষ্ঠানিকভাবে রেলযাত্রা উদ্বোধনের মাধ্যমে শুরু হবে ভারত-বাংলাদেশের মধ্যে এই রেলপথে যাত্রীবাহী রেল চলাচল। আসন্ন এই রেল যাত্রাকে ঘিরে এখন পেট্রাপোল রেল স্টেশনে রীতিমতো সাজো সাজো রব। শুক্রবার পূর্ব রেলের জেনারেল ম্যানেজার এস এন আগরওয়াল, পূর্ব রেলের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার বাসুদেব পন্ডা সহ রেলের উচ্চপদস্থ আধিকারিকরা নজর দেন তাঁরা। যাত্রীদের বিশ্রামাগার সহ স্টেশনে সমস্ত রকমের পরিষেবা খতিয়ে দেখে যান। তাঁরা সার্বিক পরিকাঠামো ঘুরে দেখেন। যাত্রী পরিষেবা ও যাত্রী স্বাচ্ছন্দ্যের বিষয়টির প্রতিও সেইসঙ্গে ভারতের প্রান্তিক এই স্টেশনে কাস্টমস ও ইমিগ্রেশন ব্যবস্থাও খতিয়ে দেখেন তাঁরা। কথা বলেন বনগাঁ জিআরপির সঙ্গে।

## শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো

গোলক ধাঁধা



## সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | 7 | | | 9 | | | | 2 |
| | | | | 8 | 3 | | | |
| 3 | | 8 | | | 7 | 5 | | |
| | 2 | 6 | | | | | | 8 |
| 4 | | 3 | | | | 7 | | 6 |
| 1 | | | | | | 4 | 2 | |
| | | 2 | 6 | | | 9 | | 5 |
| | | | 3 | 5 | | | | |
| 6 | | | | 2 | | | 4 | |

গতকালের সমাধান

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 7 | 3 | 4 | 9 | 6 | 5 | 8 |
| 3 | 9 | 4 | 5 | 6 | 8 | 1 | 7 | 2 |
| 5 | 6 | 8 | 2 | 7 | 1 | 4 | 3 | 9 |
| 9 | 7 | 6 | 4 | 5 | 2 | 8 | 1 | 3 |
| 2 | 5 | 1 | 6 | 8 | 3 | 9 | 4 | 7 |
| 4 | 8 | 3 | 1 | 9 | 7 | 5 | 2 | 6 |
| 6 | 3 | 9 | 7 | 1 | 4 | 2 | 8 | 5 |
| 7 | 4 | 5 | 8 | 2 | 6 | 3 | 9 | 1 |
| 8 | 1 | 2 | 9 | 3 | 5 | 7 | 6 | 4 |

সমাধানের নিয়ম– এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে, যেন : প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার

## শব্দলিপি- ৮৪৪



জলিয়া ঘোষ

**পাশাপাশি ঃ** ১। প্রগলভতা ৪। গাগরী ৬। অসমের তন্তু সাধনার পীঠস্থান ৭। শাসনের প্রণালী ৯। অভিযোগ জানানো ১১। গিরিকন্দর ১৩। 'যদ্দেখে যা আলোর—' ১৪। যে সময়ে নানান উৎসব অনুষ্ঠানের লগ্ন নির্দিষ্ট আছে

**উপরনীচ ঃ** ২। মর্তমানজাতীয় কলাবিশেষ ৩। তামার তক্তি ৪। মধুর শব্দ ৫। সোজা-বক্র ৬। অভিলাষ ৮। ভাটা ১০। বলবান ১২। প্রীতিকর

**সমাধান ঃ শব্দলিপি - ৮৪৩**

**পাশাপাশি ঃ** ১। নিত্যকার ৩। কাদের ৬। রসায়ক ৮। কামনাহীন ১০। নরমাংস ১২। নবনব ১৪। পনস ১৫। সুরলোক

**উপরনীচ ঃ** ১। নিয়মকানুন ২। কারখানা ৪। দেহাঙ্গ ৫। পুরনর ৭। কমসংখ্যক ৯। হীনবল ১১। মালদার ১৩। বয়ান

## রকমারী বিষয়

### সভা/অনুষ্ঠান

**রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির)**
আজ শনিবার আলোচনায় : শ্রীমদ্ভাগবত।
পাঠক : অচিন্ত্য মুখোপাধ্যায়।
গায়ক : সুদীপ পাল
সময় : ৫.১৫।

### আবহাওয়া

**পূর্বাভাস:** শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৬ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৫ ডিগ্রি ও ২৫ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৬৯ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।২৯, **সূর্যাস্ত:** ঘ ৫।৫২। **জোয়ার:** বিকেল ৪.৩১। **ভাটা:** সকাল ১১.৩৫।

### সোনা-রুপোর বাজার দর

| | টাকা |
|---|---|
| পাকা সোনা (১০ গ্রাম): | ২৯,০৭৫ |
| গহনা সোনা (১০ গ্রাম): | ২৭,৫৮৫ |
| ফলমার্ক গহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম): | ২৮,০০০ |
| রুপোর বাট (প্রতি কেজি): | ৪২,৪০০ |
| খুচরো রুপো (প্রতি কেজি): | ৪২,৯০০ |

সৌজন্যে: পশ্চিমবঙ্গ পুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যমুক্ত কর আলাদা)।

### মুদ্রা বিনিময় হার

**RBI REFERENCE RATE**

| | |
|---|---|
| INR/1 USD | : 64.8386 |
| INR/1 Euro | : 64. 2476 |
| INR/100 Jap. YEN | : 57.9600 |
| INR/1 Pound Sterling | : 80.8797 |

### শেয়ার সূচক

| | | |
|---|---|---|
| BSE | 29,620.50 | ▼ -26.92 |
| NIFTY | 9,173.75 | ▼ 0.00 |

### ভাগ্যলিপি

**মেষ** কর্মক্ষেত্রের চাপ সামলে আজকের সন্ধেটা সপরিবারে বাইরে কাছে কোথাও ঘুরে আসুন।

**বৃষ** রূপচর্চা বিশেষজ্ঞদের জন্য দিনটি শুভ।আজকের দিনে কোনও নতুন প্রকল্পে আর্থিক লগ্নিলাভদায়ক।

**মিথুন** সপরিবারে বা বন্ধুদের সঙ্গে দূর ভ্রমণের পরিকল্পনা করতে পারেন আজ।কোনও পুরনো বন্ধুর সঙ্গে সাক্ষাতের শুভ সম্ভাবনা।

**কর্কট** নিজেকে কর্মকাণ্ডে নিয়োজিত করার আজই সেরা সময়। আপনার কর্মতৎপরতা সুসময়বয়ে আনবে।

**সিংহ** কর্মক্ষেত্রে বাধা-বিপত্তি কাটিয়ে লাভের মুখ দেখার চেষ্টা করুন। এ বিষয়ে পরিবারের সঙ্গে আলোচনা সুফলদায়ক।

**কন্যা** গণেশের মতে, আজ ব্যবসায় সুফল লাভ ও বিদেশ ভ্রমণের পরিকল্পনা বাস্তবায়িত হতে পারে।

**তুলা** নতুন উদ্যমে, নতুন কাজে অংশ নিয়ে সাফল্যলাভ। মনের মানুষের সঙ্গে মিলনের সম্ভাবনা।

**বৃশ্চিক** নতুন ব্যবসায় সাফল্য আসলেও পরিবারকে সময় কম দেওয়ার খেসারত দিতে হবে।

**ধনু** শিক্ষার্থীদের জন্য শুভদিন। ছিদ্রান্বেষী প্রতিবেশীর প্ররোচনে পরিবারে মনোমালিন্যের সম্ভাবনা।

**মকর** উচ্চশিক্ষায় বাধা দূর হবে শীঘ্রই।গণেশের অনুমান, স্টকমার্কেটে সম্পর্কিত ব্যবসায় যুক্ত ব্যক্তিরা শুভদিন।

**কুম্ভ** গণেশের মতে, কর্মক্ষেত্রে বাধা-বিঘ্নতা কাটিতে যোগ্য ব্যক্তির সাদ্বিধ্যে এসে আলোচনা করুন।

**মীন** আনন্দ ভাগকরে নিলে তা অনেক কমে যায়। দুঃখ ভাগ করে নিলে তা অনেক কমে যায়। তাই পরিবারের সঙ্গে দুঃখ ভাগ করুন।

## পথ নিরাপত্তাজনিত সচেতনতা বাড়াতে সুন্দরবন জেলা পুলিশের পদযাত্রা

**নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ:** মুখ্যমন্ত্রীর সেফ ড্রাইভ, সেভ লাইভ কর্মসূচিকে সামনে রেখে ১১৭ নং জাতীয় সড়কে সচেতনতার জন্য পদযাত্রা করলেন সুন্দরবন জেলা পুলিশের সুপার তথাগত বসু। সঙ্গে ছিলেন এসডিপিও অশেষ বিক্রম দস্তিদার, বিভিও পার্থ বন্দ্যোপাধ্যায়, কাকদ্বীপ পঞ্চায়েত সমিতির সভাপতি বুদ্ধদেব দাস, প্রতাপাদিত্যনগর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান দেবব্রত মাইতি, তেরটি থানার ওসি, সিভিক ভলেন্টিয়ার এবং স্থানীয় স্কুলের ছাত্র-ছাত্রীরা। অনুষ্ঠানে এসপি বলেন, মুখ্যমন্ত্রীর নির্দেশে অনেক প্রচার, পদযাত্রা, আলোচনা সভা হয়েছে। কিন্তু আমরা স্বীকার করছি, আমরা পুরোটা পারিনি। এখন আসুন সবাই মিলে মানুষের অমূল্য প্রাণ যাতে ইচ্ছাকৃত চলে না যায়, তার জন্য সচেতন হই। আমরা এবং আপনারা আইন মেনে রাস্তায় বাইক, গাড়ি চালান। নিশ্চয়ই দুর্ঘটনা এড়াতে পারবেন। তিনি উপস্থিত জনপ্রতিনিধিদের বলেন, সমস্ত কাজের সঙ্গে মানুষের অমূল্য প্রাণ যাতে হেলায় না চলে যায়, তা দেখুন। কাকদ্বীপের পুলিশ প্রশাসন আপনাদের পাশে আছে।

## পাঁশকুড়ায় নর্দমার ধার থেকে উদ্ধার সদ্যোজাতর মৃতদেহ

**নিজস্ব প্রতিবেদন, পাঁশকুড়া :** পূর্ব মেদিনীপুর জেলার পটাশপুরে কয়েকদিন আগে রাস্তার ধারে শ্মশানে উদ্ধার হয়েছিল সদ্যোজাত শিশু। তারপর রামনগরে মন্দিরের চাতালে প্রাকৃতিক দুর্যোগের সুযোগ নিয়ে একটি দু'বছরের শিশুকে ফেলে পালিয়ে ছিল তার বাড়ির লোকেরা। সেই রেশ কাটতে না কাটতেই আবার জেলায় উদ্ধার হল সদ্যোজাত। তবে গত দু'বার জীবিত শিশু উদ্ধার হলেও এবার পাঁশকুড়ার নর্দমার ধার থেকে প্লাস্টিক প্যাকেটে মোড়া মৃত শিশু উদ্ধার হল। শুক্রবার সকালে পাঁশকুড়ার উত্তরকাটলা গ্রামের বাসিন্দারা প্রাতঃভ্রমণে বেরিয়ে এই মৃতদেহ পড়ে থাকতে দেখেন। এলাকায় চাঞ্চল্য ছড়ায়। খবর দেওয়া হয় পুলিশে। স্থানীয়দের অভিযোগ কোনও কুমারী মা স্থানীয় কোনও বেসরকারি নার্সিংহোমে তার অবৈধ মৃত সন্তানকে জন্ম দেওয়ার পর এভাবে ফেলে পালিয়েছে।

## হাওড়া জেলা সিপিএমের পুরসভা ঘেরাও

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** হাওড়া পুরসভায় বাজেট নিয়ে পর্যালোচনার সময় সিপিএম কাউন্সিলর আসরফ জাভেদ শাসকদলের কর্মী দ্বারা আক্রান্ত হয়েছিলেন।

তারই প্রতিবাদে শুক্রবার জেলা সিপিএম নেতৃত্ব হাওড়া পুরসভা ঘেরাও করল। তারপর তারা হাওড়ার মেয়র চিকিৎসক ডাঃ রথীন চক্রবর্তী ও হাওড়ার পুলিশ কমিশনার ডি পি সিংয়ের কাছে স্মারকলিপি জমা দেন। জেলা সম্পাদক মণ্ডলীর সদস্য অরূপ রায় বলেন, পুরসভায় বাজেট অধিবেশনের পর্যালোচনার সময় তাঁদের দলের সদস্য তথা কাউন্সিল আসরফ জাভেদ শাসক দলের দ্বারা আক্রান্ত হন। এমনকি তিনি অচৈতন্য হয়ে যান।

থানায় অভিযোগ দায়ের করা সত্ত্বেও এখনও পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি। তাই দোষীদের গ্রেফতারের দাবিতে ও এই নিন্দনীয় ঘটনার প্রতিবাদে আমাদের এই কর্মসূচি। আশা করি, সুবিচার পাব।

## পারিবারিক সম্পত্তি নিয়ে বিবাদের জেরে খুনের চেষ্টা

**নিজস্ব সংবাদদাতা, নবদ্বীপ:** একই পরিবারের মধ্যে সম্পত্তি নিয়ে বিবাদ।আর সেই বিবাদের জেরেই বাড়ির বড় ছেলেকে খুনের চেষ্টার অভিযোগ উঠল তার মা, ভাই ও বোনের বিরুদ্ধে। নবদ্বীপ থানার উত্তর কলাতলার মণ্ডল পরিবারের ঘটনা। জানা গেছে, পানীয় জলের সঙ্গে কীটনাশক মিশিয়ে এবং তা জোর করে খাইয়ে খুনের চেষ্টা করা হয়। একই পরিবারে বড়ছেলে মানিক ভৌমিক স্ত্রী ও শিশুকন্যাকে নিয়ে আলাদা থাকতেন। পরিবারের বাকি সদস্যরা ছিলেন মানিকের ছোট ভাই মলয় ভৌমিক, বোন রেবা ও মা উষা ভৌমিক। ছোট ভাই, বোন ও মা ওই বাড়িতেই আলাদা থাকতেন। জানা গেছে, পারিবারিক সম্পত্তি নিয়ে বিবাদ দীর্ঘদিন ধরেই চলছিল। মানিকবাবুর অভিযোগ, তার মা, ভাই ও বোন সকলে মিলে তাদের পরিবারের উপর নির্যাতন চালাত। শুক্রবার সকালে মানিকবাবুর পরিবারকে তামা, ভাই ও বোন মিলে পরিকল্পনা করে ঠাণ্ডা পানীয় জলের সঙ্গে কীটনাশক জাতীয় কিছু খাইয়ে দিয়েছে বলে অভিযোগ মানিকবাবুর। পানীয় সেবন করার পরই তারা অসুস্থ হয়ে পড়ে।প্রতিবেশীরা গোঙানি শুনতে পেয়ে ছুটে আসে। তিনজনকে প্রথমে স্থানীয় হাসপাতাল ও পরে কৃষ্ণনগর সদর হাসপাতালে ভর্তি করা হয়। সমস্ত ঘটনার লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে নবদ্বীপ থানায়।

থানা সূত্রে জানা গেছে, পুলিশ ঘটনার তদন্তে নেমেছে। এদিকে হাসপাতালে মানিকবাবুর সাত বছরের মেয়ে শেলীর অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। ঘটনায় এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। অভিযুক্তরা পলাতক।

## হাওড়া স্টেশনে বিজেপির অবস্থান বিক্ষোভ

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মন্তব্যের বিরোধিতা করে শুক্রবার বিকেলে হাওড়া স্টেশনে অবস্থান বিক্ষোভ করল বিজেপির সিডিউল কাস্ট মোর্চা। মোর্চার সভাপতি রঞ্জিত দাসের নেতৃত্বে তারা এই বিক্ষোভ সমাবেশ করল। বিজেপির রাজ্য সভাপতি (সদর) দেবাঞ্জল চট্টোপাধ্যায় জানান, মুখ্যমন্ত্রী এক টিভি চ্যানেলে সাক্ষাৎকারে বলেছিলেন, সিডিউল কাস্টরা গরুর মাংস খায়। তারই প্রতিবাদে এই অবস্থান বিক্ষোভ কর্মসূচি।

## ছেলেদের নির্যাতন সহ্য করতে না পেরে আদালতে মা

**নিজস্ব সংবাদদাতা, নবদ্বীপ:** স্বামীর ভিটেয় থাকতে চেয়ে নবদ্বীপ আদালতে উকিলের নোটিশ দিয়ে আবেদন করলেন বৃদ্ধা মা। ছেলে-বউমার হাত থেকে রেহাই পেতে ওই বৃদ্ধার আবেদন বলে জানা গেছে। নবদ্বীপ তেঘরিপাড়া ঝাপানতলার বাসিন্দা ৭৫ বছরের ব্রজবালা দেবনাথের অভিযোগ,তাঁর উপরে শারীরিক ও মানসিক অত্যাচার চালাচ্ছে তার ছেলে ও বউমা। তাদের বিরুদ্ধে ওই বৃদ্ধা আদালতে অভিযোগ দায়ের করেন। দুই ছেলের বিরুদ্ধে উকিলের নোটিশ পাঠানো হয়। যদিও তাঁর ছেলে বৃদ্ধা মায়ের অভিযোগ অস্বীকার করেছেন। বৃদ্ধার অভিযোগ, তার দুই ছেলে গৌর দেবনাথ ও জয়ন্ত দেবনাথ তার দুই বউমা তার উপরে নিয়মিত অত্যাচার চালায়।তাঁকে তাঁর বাড়িতে থাকতে দিতে চাইছে না। অত্যাচারের হাত থেকে বাঁচতে ছেলেদের উচ্ছেদ চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছেন ওই বৃদ্ধা। তাঁর ছেলে গৌর দেবনাথের অভিযোগ,মা পরিকল্পনা মাফিক বিবাহিত বোনকে আমাদের সম্পত্তি দিতে চাইছেন। আমরা এর বিরোধিতা করেছি মাত্র। তাঁর আইনজীবী নারায়ণ সাধু জানিয়েছেন, তাঁর মক্কেলের উপরে অনবরত অত্যাচার চালাচ্ছেন ছেলে ও বৌমারা। খুব কষ্ট করে ছেলেমেয়েদেরকে তিনি মানুষ করেছেন। এখন ছেলে-বৌমারা তাঁকে বাড়ি থেকে উচ্ছেদ করতে চাইছেন। তাই উচ্ছেদের নোটিশ করতে বাধ্য হয়েছেন। তাড়াতাড়ি মামলা রুজু হবে বলে জানিয়েছেন আইনজীবীনারায়ণ সাধু।

## সিপিএম ছেড়ে বিজেপিতে

**নিজস্ব প্রতিবেদন, কাঁথি :** পূর্ব মেদিনীপুর জেলার দক্ষিণ কাঁথি বিধানসভা নির্বাচনের আগে বামেদের রক্তক্ষরণ অব্যাহত।এবার কাঁথি-৩ ব্লকের কুসুমপুর পঞ্চায়েতের নহরিয়া বুথে ১০টি সিপিএম সমর্থক পরিবারের সদস্যরা শুক্রবার দলবদল করে বিজেপিতে যোগদান করেন। এদিন বিজেপি প্রার্থী সৌরীন্দ্র মোহন জানার সমর্থনে এলাকায় একটি কর্মসভাহয়।